

কর্মীর অধিকার বিষয়ক বিজ্ঞপ্তি: নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি

আপনি যদি NYC-তে কোনও ব্যবসায়িক বা অলাভজনক সংস্থায় আংশিক বা পূর্ণ সময়ের জন্য কাজ করেন তাহলে নিজের বা পরিবার বলে বিবেচনা করেন এমন কারও যত্নের জন্য নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি নেওয়ার অধিকার আপনার আছে। আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে এই অধিকার আপনার আছে। আপনার নিয়োগকর্তার অবশ্যই আপনার অধিকারের ব্যাখ্যা দেওয়া এই নোটিশ আপনাকে দিতে হবে।

নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটির পরিমাণ:

- আপনার নিয়োগকর্তা প্রতি ক্যালেন্ডার বছরে মোট **40 ঘন্টা** পর্যন্ত নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি প্রদান করতে বাধ্য।

1 জানুয়ারি, 2021 থেকে:

- 100 জন বা তার বেশি কর্মী নিয়োগ করা নিয়োগকর্তারা** প্রতি ক্যালেন্ডার বছরে মোট **56 ঘন্টা** পর্যন্ত নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি প্রদান করতে বাধ্য।

আপনার নিয়োগকর্তার ক্যালেন্ডার বছর হল:

প্রথম মাস

থেকে

শেষ মাস

আপনি প্রতি **30 ঘন্টা কর্মরত সময়ের ওপর 1 ঘন্টা** হারে নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি অর্জন করেন।

আপনার **সবেতন** নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটির অধিকার আছে যদি:

- আপনার নিয়োগকর্তার 5 জন বা তার বেশি কর্মী থাকে।
- আপনার নিয়োগকর্তার 5 জনের চেয়ে কম কর্মী থাকে তবে তার নেট আয় \$1 মিলিয়ন বা তার বেশি হয়।
(1 জানুয়ারি, 2021 থেকে কার্যকর)
- আপনি গৃহকর্মী হিসাবে কারও বাড়িতে কাজ করেন; উদাহরণস্বরূপ, বেবিসিটার, গৃহকর্মী বা সাহচর্য কর্মী।
দ্রষ্টব্য: আইনটি একটি পরিবারে কর্মরত এক বা একাধিক গৃহকর্মীদের ক্ষেত্রে প্রযোজ্য।

আপনার **বেতনহীন** নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটির অধিকার আছে যদি:

- আপনার নিয়োগকর্তার 5 জনের চেয়ে কম কর্মী থাকে এবং তার নেট আয় \$1 মিলিয়নের চেয়ে কম হয়।

অব্যবহৃত নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি পরবর্তী ক্যালেন্ডার বছরে স্থানান্তরিত হতে পারে।

নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটির ব্যবহার:

- চিকিৎসা যত্ন অথবা অসুস্থতা বা আঘাত থেকে সুস্থ হয়ে ওঠা সহ আপনার স্বাস্থ্যের জন্য এটি ব্যবহার করুন।
- এটি পরিবারের এমন কোনও সদস্যের পরিচর্যার জন্য ব্যবহার করুন যিনি অসুস্থ বা যার কোনও মেডিক্যাল অ্যাপয়েন্টমেন্ট আছে।
- আপনার চাকরি বা আপনার সন্তানের স্কুল জনস্বাস্থ্যের জরুরি অবস্থার কারণে বন্ধ হয়ে গেলে এটি ব্যবহার করুন।
- ঘরোয়া হিংসা, অযাচিত যৌন যোগাযোগ, পিছু নেওয়া বা মানব পাচার থেকে আপনার বা পরিবারের কোনও সদস্যের সুরক্ষার জন্য এটি ব্যবহার করুন।

আপনার নিয়োগকর্তা আপনাকে নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটির পরিকল্পনামাফিক ব্যবহারের অগ্রিম নোটিশ দিতে বলতে পারে; উদাহরণস্বরূপ, কোনও নির্ধারিত চিকিৎসকের অ্যাপয়েন্টমেন্ট বা আদালতের শুনানিতে অংশ নেওয়ার জন্য। আপনাকে নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটির অপ্রত্যাশিত ব্যবহারের অগ্রিম নোটিশ দিতে হবে না; উদাহরণস্বরূপ, হঠাৎ অসুস্থ হয়ে পড়া বা কোনও চিকিৎসাজনিত জরুরি অবস্থা।

আপনার গোপনীয়তার অধিকার আছে। আপনি নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি কেন ব্যবহার করেছেন সে বিষয়ে আপনার নিয়োগকর্তাকে বিশদ দিতে হবে না।

আপনার নিয়োগকর্তার নথিপত্রের প্রয়োজন হতে পারে যদি আপনি পর পর তিনটি কাজের দিন নিরাপত্তা বা অসুস্থতাজনিত ছুটি হিসাবে নেন। নথিপত্রের জন্য আপনার দ্বারা পেমেট করা যেকোনো ফি আপনার নিয়োগকর্তার আপনাকে মিটিয়ে দিতে হবে। নথিপত্রে আপনার ব্যক্তিগত চিকিৎসাজনিত বা ব্যক্তিগত পরিস্থিতির বিশদ অন্তর্ভুক্ত থাকবে না।

নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি সম্পর্কে প্রয়োজনীয় লিখিত প্রকাশসমূহ:

আপনার নিয়োগকর্তা অবশ্যই:

- আপনাকে একটি লিখিত নিরাপত্তা এবং অসুস্থতাজনিত ছুটি নীতি দেবে যা আপনার সুবিধাগুলি কীভাবে ব্যবহার করবেন তা ব্যাখ্যা করে।
- আপনি প্রত্যেক বেতনের সময়কালে কতটা নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি নিয়েছেন এবং কতটা বাকি আছে তা জানাবে।

কোনও প্রতিশোধ নেওয়া বর্জিত:

নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটির অনুরোধ বা ব্যবহারের জন্য বা লঙ্ঘন রিপোর্ট করার জন্য কর্মীদের শাস্তি দেওয়া বা বরখাস্ত করা অবৈধ।



আরও জানতে বা অভিযোগ দায়ের করতে **উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগের** সাথে যোগাযোগ করুন।

nyc.gov/workers এ যান। **311** এ কল করুন এবং "সবেতন নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি"-এর জন্য অনুরোধ করুন।

আপনি অজ্ঞাতভাবেও কোনও খবর দিতে পারেন।